


যুগান্তর

উত্তরপত্র ঘষামাজা করে শিক্ষার্থী ভর্তি

আইডিয়াল কলেজের অধ্যক্ষের বেতন বন্ধের উদ্যোগ

প্রকাশ : ১৫ মে ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগম শেষপর্যন্ত ফেঁসেই গেলেন। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষার উত্তরপত্র ঘষামাজা করে নম্বর দিয়ে শিক্ষার্থী ভর্তির অভিযোগ প্রমাণিত হওয়ায় তার সরকারি বেতন-ভাতা (এমপিও) বন্ধ করে দেয়া হচ্ছে। এ সিদ্ধান্ত বাস্তবায়নের আগে তাকে কারণ দর্শাতে নোটিশ দিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরকে (মাউশি) নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

সোমবারের তারিখে মঙ্গলবার জারি করা ‘শিক্ষার্থীদের ভুল উত্তর রাবার দিয়ে মুছে শুদ্ধ উত্তর লিখে নম্বর প্রদানের অভিযোগ’ শীর্ষক এক চিঠিতে মাউশি মহাপরিচালককে এ বিষয়ে নির্দেশনা দিয়ে বলা হয়, আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের মতিঝিল, মুগদা ও বনশ্রী শাখায় ২০১৮ সালে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে ভর্তি পরীক্ষার উত্তরপত্রে ঘষামাজা সংক্রান্ত অভিযোগের প্রমাণ তদন্তে পাওয়া গেছে। এ কারণে অধ্যক্ষের বেতন-ভাতা কেন বন্ধ করা হবে না তার ব্যাখ্যা অধ্যক্ষের কাছে চাওয়া হয়েছে চিঠিতে। আর মাউশির মহাপরিচালককে ১৫ দিনের মধ্যে এ বিষয়ে সুস্পষ্ট মতামত জানাতে হবে।

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ ঢাকার মতিঝিল, মুগদা ও বনশ্রীতে শাখা পরিচালনা করছে। গত বছর (২০১৮) এ প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষার ভুল উত্তর রাবার দিয়ে মুছে নতুন করে তা লিখে দিয়ে নম্বর দেয়ার অভিযোগ উঠে। এরপর তদন্ত করে তার প্রমাণ পাওয়া যায়। সেই তদন্ত প্রতিবেদনের আলোকে ব্যবস্থা নেয়া নিয়ে অনেক সময়ক্ষেপণ চলে। রিপোর্ট ধামাচাপার চেষ্টা চলে। একই ইস্যু নিয়ে বারবার তদন্তের দাবি উঠে। মন্ত্রণালয় থেকেও একাধিক তদন্তের আদেশ হয়। শেষপর্যন্ত আর রক্ষা হল না। নানা অভিযোগে ২০০৭ সালে এ অধ্যক্ষ একবার সাময়িক বরখাস্ত হন। ২০১২ সালেও আরেকবার তার এমপিও স্থগিত করা হয়েছিল। এ স্কুলে একটি সিভিকিট রয়েছে। ভর্তি বাণিজ্যসহ নানা অপরাধ চলছে প্রতিষ্ঠানটিতে। ওই সিভিকিটের এক সিনিয়র শিক্ষকের বিরুদ্ধে জাল সনদে সহকারী প্রধান শিক্ষক হওয়ার অভিযোগ মাউশির এক তদন্তে প্রমাণিত হয়েছে। তারও এমপিও স্থগিত করেছে সরকার। এছাড়া এ বিষয়ে ব্যবস্থা নিতে স্কুলের পরিচালনা কমিটিকে (জিবি) নির্দেশ দেয়া হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com